দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JUN 2008
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# নারায়ণগঞ্জ কলেজে কোটি টাকার অনিয়ম

## ব্যবস্থা গ্রহণে নিরীক্ষা অধিদপ্তরের সুপারিশ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

নারায়ণগঞ্জ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও গভর্নিং বডির বিরুদ্ধে কোটি টাকা অনিয়মের প্রমাণ পেয়েছে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর। অভিযুক্ত শিক্ষক ও গভর্নিং বডির সদস্যরা বিধি বহির্ভূতভাবে শিক্ষক ও কর্মকর্তা নিয়োগ এবং অর্থ ব্যয় করে সরকারের কয়েক লাখ টাকা ক্ষতিসাধন করেছেন। নিরীক্ষা অধিদপ্তর অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়ের কাছে সুপারিশ পাঠিয়েছে।

প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিরাজ কুমার সাহার বিরুদ্ধে ক্যাশ বই সংরক্ষণ এবং প্রস্তাবনা বইতে অনিয়ম, নিয়োগ বিজ্ঞপ্তি ছাড়া নিয়ম বহির্ভূতভাবে খণ্ডকালীন এবং নিয়মিত শিক্ষক-কর্মচারী নিয়োগ, ছাত্র সংসদের জন্য বরাদ্দ ১০ লক্ষাধিক টাকা ব্যয়ে দুর্নীতি, বেসরকারি প্রতিষ্ঠানকে ক্রয় বাবদ অবৈধভাবে ২৬ লাখ টাকা পরিশোধ ও আরো ১৭ লক্ষাধিক টাকা ব্যয়ের প্রমাণ পেয়েছে নিরীক্ষা অধিদপ্তরের তদন্ত দল। তাদের প্রতিবেদনের উল্লেখ করা হয়, বিরাজ কুমার সাহার ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে নিয়োগ অনুমোদন না হওয়া সত্ত্বেও অধ্যক্ষ পদের স্কেল অনুযায়ী উৎসব ভাতা গ্রহণ করেছেন। তিনি অধ্যক্ষ পদে নিয়োগ না পেয়েও সমমানের স্কেলে বেতন গ্রহণ করেছেন। ৪০ জন শিক্ষক-কর্মচারী বিধিবহির্ভূতভাবে নিয়োগ পেয়ে এ পর্যন্ত সরকারি তহবিল থেকে ৩০ লক্ষাধিক টাকা (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## নারায়ণগঞ্জ কলেজে কোটি

(১৬শ পৃঃ পর)

তুলে নিয়েছেন। বিজ্ঞপ্তি ও প্রতিযোগিতামূলক পরীক্ষা ছাড়াই এদের নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া অন্যান্য খাতে আরো আর্থিক অনিয়ম পাওয়া গেছে। এ